

ভোলায় স্কুল ফিডিং চালু হওয়ায় বদলে গেছে প্রাথমিক শিক্ষার পরিবেশ

ভোলা প্রতিনিধি

৩০ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

ভোলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে স্কুল ফিডিং কার্যক্রম চালু হওয়ার পর শিক্ষার পরিবেশে দৃশ্যমান পরিবর্তন এসেছে। দরিদ্র পরিবারের শিশুদের জন্য এ কার্যক্রম আশীর্বাদ হিসেবে দেখা দিচ্ছে বলে মনে করছেন শিক্ষাসংশ্লিষ্টরা।

স্কুলপ্রাঙ্গণজুড়ে এখন শিক্ষার্থীদের সরব উপস্থিতি। পড়ালেখায়ও আগ্রহ বেড়েছে উল্লেখযোগ্যভাবে। আগে যেখানে অনিয়মিত উপস্থিতি ছিল নিত্যদিনের ঘটনা, এখন সেখানে শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে ফিরতে দেখা যাচ্ছে। খোঁজ নিয়ে জানা গেছে, কিছুদিন আগেও ভোলার গ্রামীণ বিদ্যালয়গুলোতে শিক্ষার্থী সংকট ছিল প্রকট। অনেকেই ভর্তি হলেও নিয়মিত স্কুলে আসত না। খাবারের অভাব, দারিদ্র্য ও অভিভাবকদের অসচেতনতার কারণে ঝরে পড়ার হার ছিল বেশি।

তবে জেলার দৌলতখান, বোরহানউদ্দিন, তজুমদ্দিন ও মনপুরা উপজেলায় স্কুল ফিডিং কার্যক্রম চালু হওয়ার পর পরিস্থিতির পরিবর্তন ঘটেছে। এখন শিক্ষার্থীরা নিয়মিত স্কুলমুখী হচ্ছে। শিক্ষার্থীরা জানায়, আগে স্কুলে খাবার না থাকায় অনেক সময় ক্ষুধা নিয়ে ক্লাস করতে হতো। এখন টিফিন পাওয়ায় তারা নিয়মিত স্কুলে আসে এবং পড়াশোনায় মনোযোগ দিতে পারছে।

গত ২৯ মাস ধরে জেলার চার উপজেলার ৪১৫টি বিদ্যালয়ে চালু থাকা এই কার্যক্রম শিক্ষার মানোন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলছে বলে জানিয়েছেন শিক্ষকরা।

জানা গেছে, ভোলার চারটি উপজেলায় সরকারের এ কার্যক্রম বাস্তবায়ন করছে জিজেইউএস। সংস্থাটির নির্বাহী পরিচালক জাকির হোসেন মহিন বলেন, সময়োপযোগী এই উদ্যোগের ফলে স্কুলমুখী শিক্ষার্থী বাড়ছে।